

■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫২৯

১৭/ ক্রয়-বিক্রয় ও ব্যাবসা-বাণিজ্য (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩৮৩. কারো কোন জিনিস নষ্ট করলে অনুরূপ ক্ষতিপূরণ দেওয়া।

بَابِ فِيمَنْ أَفْسَدَ شَيْئًا يَغْرِمُ مِثْلَهُ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَحْيَى، حَوْدَثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا خَالِدٌ، عَنْ حُمَيْدٍ، عَنْ أَنَسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ عِنْدَ بَعْضِ نِسَاءِهِ فَأَرْسَلَتْ إِحْدَى أُمَّهَاتِ الْمُؤْمِنِينَ مَعَ خَادِمِهَا بِقَصْنَعَةٍ فِيهَا طَعَامٌ قَالَ فَضَرَبَتْ بِيَدِهَا فَكَسَرَتِ الْقَصْنَعَةَ – قَالَ أَبْنُ الْمُثَنَّى – فَأَخَذَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْكِسْرَتَيْنِ فَضَمَّ إِحْدَاهُمَا إِلَى الْأُخْرَى فَجَعَلَ يَجْمَعُ فِيهَا الطَّعَامَ وَيَقُولُ "غَارَتْ أُمُّكُمْ". زَادَ أَبْنُ الْمُثَنَّى "كُلُّوا". فَأَكَلُوا حَتَّى جَاءَتْ قَصْنَعَتُهَا الَّتِي فِي بَيْتِهَا ثُمَّ رَجَعُنَا إِلَى لَفْظِ حَدِيثِ مُسَدَّدٍ وَقَالَ "كُلُّوا" . وَحَبَسَ الرَّسُولُ وَالْقَصْنَعَةَ حَتَّى فَرَغُوا فَدَفَعُوا الْقَصْنَعَةَ الصَّحِيَّةَ إِلَى الرَّسُولِ وَحَبَسَ الْمَكْسُورَةَ فِي بَيْتِهِ .

বাংলা

৩৫২৯. মুসাদাদ (রহঃ) আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কোন এক স্ত্রীর কক্ষে অবস্থান করছিলেন। তখন অপর একজন উম্মুহাতুল মুমিনীন তাঁর এক খাদিমের হাতে একটি পাত্রে কিছু খাদ্যবস্তু প্রেরণ করেন, যা তাঁর হাত দিয়ে আঘাত করে ভেঙ্গে দেন।

রাবী ইবন মুছান্না (রহঃ) বলেনঃ তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভাঙ্গা পেয়ালার দু'টি অংশ উঠিয়ে নেন এবং এর একটি অংশ অপরটির সাথে মিশ্রিত করেন এবং তার মধ্যে পতিত খাদ্য-বস্তু জমা করতে থাকেন এবং পরে বলেনঃ তোমাদের মাতা রাগান্বিত হয়েছে।

রাবী ইবন মুছান্না (রহঃ) আরো বলেন, এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা খাদ্য গ্রহণ কর। তখন সকলে খেতে শুরু করে। এ সময় সে স্ত্রীর ঘর হতেও খাবার আসে, যেখানে তিনি অবস্থান করছিলেন। তিনি বলেনঃ এগুলোও খাও। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে খাদিমকে বিলম্ব করতে বলেন এবং পেয়ালাটিও রেখে দেন। পরে যখন সকলের খাওয়া শেষ হয়, তখন তিনি ভাল পেয়ালাটি উত্ত

খাদিমকে প্রদান করেন এবং ভাঙ্গা পেয়ালাটি তাঁর ঘরে রেখে দেন।

English

Anas said:

The Messenger of Allah (ﷺ) was with one of his wives. One of the Mothers of faithful sent a bowl containing food through a servant of hers. She struck with her hand and broke the bowl. Ibn al-Muthanna's version has: The Prophet (ﷺ) took the pieces of the bowl, and joined one with the other, and began to collect the food in it, saying: Your mother is jealous. Ibn al-Muthanna added: Eat. They ate till a bowl of the one in whose house he was brought.

Abu Dawud said: We then returned to the version of the tradition of Musaddad: He said: Eat. He detained the servant and the bowl till they were free. Then he returned the sound bowl to the messenger and detained the broken one (bowl) in his house.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=35636>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন